গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
ন্যাশনাল পোর্টাল
a2i.gov.bd

স্মারক নম্বর: ৫৬.৮৩.০০০০.০০০.০১৩.২৫.০০০২.২৬.৩৭

তারিখ: ১৬ কার্তিক ১৪৩৩ / ০১ নভেম্বর ২০২৬

বিষয়: **ঢাকা বিভাগের বিভাগীয় পর্যায়ের অফিসের সাইট এডমিনদের নিয়ে জাতীয় তথ্য বাতায়ন-এর ২য় ভার্সন বিষয়ক প্রশিক্ষণ আয়োজন।**

এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম সরকারের নানামুখী উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করে যাচ্ছে। এ সকল উদ্যোগের মধ্যে জাতীয় তথ্য বাতায়ন অন্যতম। জাতীয় তথ্য বাতায়নকে আরো আধুনিক ও নাগরিকবান্ধব হিসেবে গড়ে তোলার লক্ষ্যে তথ্য বাতায়নের ২য় ভার্সন নির্মাণ করা হয়েছে। এ ধারাবাহিকতায় পোর্টাল ব্যবস্থাপনার সাথে সম্পর্কিত ঢাকা বিভাগ ও বিভাগীয় পর্যায়ের অফিসের সাইট এডমিনদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে এটুআই এর আর্থিক সহযোগিতায় এবং বিভাগীয় কমিশনারের কার্যালয়ের তত্ত্বাবধানে ০১ দিনব্যাপী ০২ টি ব্যাচের প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

২। প্রশিক্ষণ ০২টি আগামী ০৯ ও ১০ নভেম্বর ২০২৬ তারিখ সকাল ৯:০০ ঘটিকা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা-এ অনুষ্ঠিত হবে।

৩। এমতাবস্থায়, বিবেচ্য প্রশিক্ষণ আয়োজন এবং প্রতি ব্যাচে ৩৬ জন করে ০২ টি ব্যাচের জন্য ৭২ জন প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

০১-১১-২০২৬
মোহাম্মদ আনোয়ার উদ্দিন
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ০২৫৫০০৬৯৪১
ইমেইল : pd@a2i.gov.bd

কমিশনার
ঢাকা বিভাগ।

দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
কমিশনারের একান্ত সচিব
ঢাকা বিভাগ।

স্মারক নম্বর: ৫৬.৮৩.০০০০.০০০.০১৩.২৫.০০০২.২৬.৩৭/১ (৩)

তারিখ: ১৬ কার্তিক ১৪৩৩ / ০১ নভেম্বর ২০২৬

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। যুগ্ম প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), কম্পোনেন্ট-১, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম।
২। যুগ্ম প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), কম্পোনেন্ট-২,৩, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম।
৩। জনাব.....।

০১-১১-২০২৬
মোহাম্মদ আনোয়ার উদ্দিন
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) (অতিরিক্ত দায়িত্ব)